



প্রধানমন্ত্রীর সঙ্গে সিআরপি প্রতিনিধিদের সৌজন্য সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে পক্ষাঘাতগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র সিআরপির একটি প্রতিনিধি দল সৌজন্য সাক্ষাৎ করেছে।

রোববার (২৪ মে) দুপুরে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর কার্যালয়ে এই সাক্ষাৎ অনুষ্ঠিত হয় বলে জানান প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি জাহিদুল ইসলাম রনি। সাক্ষাতে সিআরপি প্রতিনিধি দল তাদের চলমান পুনর্বাসন কার্যক্রম, চিকিৎসা সেবা এবং পক্ষাঘাতগ্রস্তদের জীবনমান উন্নয়নে নেওয়া নানা উদ্যোগ সম্পর্কে অবহিত করে। পাশাপাশি ভবিষ্যতে সেবার পরিধি আরও বিস্তৃত করার বিষয়েও মতবিনিময় হয়।

এ সময় প্রতিষ্ঠাতা ট্রাস্টি ড. ভ্যালেরি এ. টেইলর, নির্বাহী পরিচালক ড. মোহাম্মদ সোহরাব হোসেন, চেয়ারম্যান মুহাম্মদ সাইদুর রহমান, ট্রাস্টি মুশতাক আহমেদসহ সিআরপির উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

LENS ASIA